

## সুনান আত তিরমিজী (ইসলামিক ফাউন্ডেশন)

হাদিস নম্বরঃ ২৪১৮

৪০/ কিয়ামত (ﷺ) عن رسول الله (ﷺ)

পরিচ্ছেদঃ কিয়ামত প্রসঙ্গে।

### بَابُ فِي الْقِيَامَةِ

আরবী

حَدَّثَنَا هَنَادٌ، حَدَّثَنَا أَبُو مُعَاوِيَةَ، عَنِ الْأَعْمَشِ، عَنْ خَيْثَمَةَ، عَنْ عَدِيِّ بْنِ حَاتِمٍ، قَالَ قَالَ رَسُولُ اللَّهِ صَلَّى اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ " مَا مِنْكُمْ مِنْ رَجُلٍ إِلَّا سَيُكَلِّمُهُ رَبُّهُ يَوْمَ الْقِيَامَةِ وَلَيْسَ بَيْنَهُ وَبَيْنَهُ تَرْجُمَانٌ فَيَنْظُرُ أَيَمَنَ مِنْهُ فَلَا يَرَى شَيْئًا إِلَّا شَيْئًا قَدَّمَهُ ثُمَّ يَنْظُرُ أَشْأَمَ مِنْهُ فَلَا يَرَى شَيْئًا إِلَّا شَيْئًا قَدَّمَهُ ثُمَّ يَنْظُرُ تِلْقَاءَ وَجْهِهِ فَتَسْتَقْبِلُهُ النَّارُ " . قَالَ رَسُولُ اللَّهِ صَلَّى اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ " مَنْ اسْتَطَاعَ مِنْكُمْ أَنْ يَقِيَ وَجْهَهُ حَرَّ النَّارِ وَلَوْ بِشِقِّ تَمْرَةٍ فَلْيَفْعَلْ " . قَالَ أَبُو عِيسَى هَذَا حَدِيثٌ حَسَنٌ صَحِيحٌ .

حَدَّثَنَا أَبُو السَّائِبِ، حَدَّثَنَا وَكِيعٌ، يَوْمًا بِهَذَا الْحَدِيثِ عَنِ الْأَعْمَشِ، فَلَمَّا فَرَغَ وَكِيعٌ مِنْ هَذَا الْحَدِيثِ قَالَ مَنْ كَانَ هَا هُنَا مِنْ أَهْلِ خُرَاسَانَ فَلْيَحْتَسِبْ فِي إِظْهَارِ هَذَا الْحَدِيثِ بِخُرَاسَانَ لِأَنَّ الْجَهْمِيَّةَ يُنْكِرُونَ هَذَا . اسْمُ أَبِي السَّائِبِ سَلْمٌ بْنُ جُنَادَةَ بْنِ سَلَمٍ بْنِ خَالِدِ بْنِ جَابِرِ بْنِ سَمُرَةَ الْكُوفِيِّ .

বাংলা

২৪১৮. হান্নাদ (রহঃ) ..... আদী ইবন হাতিম রাদিয়াল্লাহু আনহু থেকে বর্ণিত। তিনি বলেন, রাসূলুল্লাহ সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম বলেছেনঃ তোমাদের মাঝে এমন কোন ব্যক্তি নেই যার সঙ্গে তার রব কিয়ামতের দিন কথা বলবেন না। তখন তার এবং তার রবের মাঝে কোন অনুবাদকও থাকবে না।

পরে সে তার ডান পার্শ্বে তাকাবে কিন্তু যা সে আগে করে পাঠিয়েছিল তা ছাড়া আর কিছুই সে দেখবে না। এরপর সে তার বাম দিকে তাকাবে কিন্তু যা সে আগে করে পাঠিয়েছিল তা ছাড়া আর কিছুই সে দেখবে না। অতঃপর সে তার সামনের দিকে তাকাবে সামনে তখন জাহান্নামকে পাবে সে। রাসূলুল্লাহ সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম বলেনঃ একটি খেজুরের সামান্য অংশ দান করেও তোমাদের যে ব্যক্তি নিজেকে জাহান্নাম থেকে রক্ষা করতে পারে সে যেন তা করে। সহীহ, ইবনু মাজাহ ১৮৫, বুখারি, মুসলিম, তিরমিজী হাদিস নম্বরঃ ২৪১৫ [আল মাদানী

প্রকাশনী]

হাদীসটি হাসান-সহীহ। আবুস সাইব (রহঃ) বলেনঃ একদিন ওয়াকীস (রহঃ) এই হাদীসটি আ'মাশ (রহঃ) এর বরাতে আমাদের বর্ণনা করলেন। বর্ণনা শেষ করে বললেনঃ এখানে খুরাসানের যদি কেউ থেকে থাকে তবে সেখানে এই হাদীসটির প্রচার প্রসারকে খুবই ছুয়াবের কাজ বলে গণ্য করবে।

ইমাম আবু ইসা তিরমিযী (রহঃ) বলেনঃ জাহমিয়া মতাদর্শীরা এটা (আল্লাহর কালাম করা) অস্বীকার করে। (তৎকালে খুরাসানের অনেকেই জাহমিয়া অনুসারী ছিল)। রাবী আবু সাইব-এর নাম হল, সালম ইবন জুনাদা ইবন সালম ইবন খালিদ ইবন জাবির ইবন সামুরা কুফী।

## English

'Adi bin Hatim narrated that the Messenger of Allah (s.a.w) said:  
"There is no man among you except that his Lord shall converse with him on the Day Of Judgement, there being no interpreter between him and Him(Allah). Then he looks to the south (his right) and does not see anything ."

হাদিসের মান: সহিহ (Sahih) পুনঃনিরীক্ষিত

পাবলিশারঃ ইসলামিক ফাউন্ডেশন □ বর্ণনাকারীঃ আদী ইবনু হাতিম (রাঃ)

🔗 Link — <https://www.hadithbd.com/hadith/link/?id=37772>

📖 হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন